পটুয়াখালির বাউফল উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে.আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২৫ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর জলোচ্ছাস হলেও ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ই নভেম্বর ২০০৭, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯ও ১৬ই জুন ২০১১ সালের জলোচ্ছাস ছিলো ব্যপক।

চিত্রঃ ২.২:জলছাসে প্লাবিত উপজেলার একটি গ্রাম।

বন্যা

পটুয়াখালির বাউফল উপজেলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত।এখানে শ্রাবন মাস হতে আশ্বিন মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবোকাঠামো,আবাসন,শিক্ষা,যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে.আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ১৫ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর জলোচ্ছাস হলেও ১৯৮৮,১৯৯৮,২০০৪,এবং ২০০৭ সালের বন্যা ছিলো ব্যাপক।

চিত্র ২.৩: বন্যা পানিতে নিম্নজিত উপজেলার বাড়ীঘর

কালবৈশাখী

পটুয়াখালির বাউফল উপজেলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে জৈষ্ঠ্য মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না। ১৫-২০ বছর পূর্বে এ এলাকায় কালবৈশাখী ঝড় স্বাভাবিক মাত্রায় ছিলো। কিন্তু ঋতু বৈচিত্রের কারনে এবং আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। যার ফলে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে। প্রতি বছর পটুয়াখালির এ উপজেলাতে কালবৈশাখির আঘাতে কম বেশি ক্ষতি হলেও ১৯৮৮, ১৯৯১, ১৯৯২, ১৯৯৫, ১৯৯৭, ২০০৪, ২০০৫ ,এবং ২০০৭ সালের কালবৈশাখী ছিলো ব্যাপক।

চিত্রঃ ২.৪: কালবৈশাখী ঝড়ে বিদ্ধস্ত উপজেলার একটি গ্রাম।

ঘূর্ণি ঝড়

পটুয়াখালির বাউফল উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর ঘূর্ণি ঝড় হলেও ২৩শে মে ২০০৪, ১১ই সেপ্টেম্বর ২০০৪, ১১ই মাচ ২০০৫, ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯, ৮ই অক্টোবার ২০১০, ১৬ই জুন ২০১১ সালের ঘূর্ণি ঝড় ছিলো ব্যপক।

চিত্রঃ ২.৫: ঘূর্ণি ঝড়ের একটি চিত্র।

নদীভাঙ্গন

বাউফল ভূ-খন্ডটি প্রাচীনকাল থেকেই প্রাকৃতিক বৈচিত্রে ছিল ভরপুর। সুনিবিড় অরণ্যানী, উদ্ভিদ-প্রাণী এবং নদীনালা, জলাশয় পূর্ণ এ অঞ্চলটি এর অংগকে সাজিয়ে তুলছিল সমৃদ্ধ সজ্জায়। বাউফলের পূর্বে বিশাল তেতুঁলিয়া নদী, পশ্চিমে খরস্রোত লোহালিয়া নদী ও উত্তর-পশ্চিমে কারখানা নদী বয়ে গেছে। এছাড়া উপজেলার মধ্যখানে ছোট-বড় অনেক নদী ও খাল রয়েছে। ৩টি নদী আয়তন ৩১৩৩ হেক্টর। পটুয়াখালির এ উপজেলা টি ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে শ্রাবন মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো,আবাসন,শিক্ষা,যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে আবাদী জমিতে বালি পড়ার

চিত্রঃ ২.৬: নদী ভাঙ্গনে উপজিলার নদীর তীরের কৃষি জমি।

কারনে ফসল চাষ করা যায় না যার ফলে এলাকার প্রায় ৪২ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর নদীভাঙ্গন হলেও ১৯৮৮, ১৯৯৮ এবং ২০০৭ সালের নদীভাঙ্গন ছিলো ব্যাপক।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

বাউফল উপজেলার ঘূর্ণি ঝড়, জলচ্ছাস, বন্যা, নদীভাঙন, অনি,য়মিত বৃষ্টিপাত খরা, প্রভৃতি আপদগুলোর প্রভাবে বিপদাপন্ন হচ্ছে উপজেলার প্রায় ৩০৪৯৫৯ জন জনগোষ্ঠী এছাড়াও প্রাণীকুল, মৎস্য সম্পদ এবং অবকাঠামোগুলোও বিপদাপন্নের বাইরে নয়। তাই এই বিপদাপন্ন জনগোষ্ঠী তাদের নিজস্ব পদ্ধতি ব্যবহার করে সক্ষমতা অর্জনের চেষ্টা করে চলেছে প্রতিনিয়ত। এখানে বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্ষতির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে এবং সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোন সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে। কোন কোন এলাকা কি কি কারনে কিভাবে বিপদাপন্ন তা সংক্ষিপ্ত ভাবে নিম্নে দেখানো হল:-

টেবিলঃ ২.৩: বিপদাপন্নতা ও সক্ষমতা।

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
নদীভাঙ্গন	• নদীভাঙ্গনে কৃষি জমিসহ ফসলের ক্ষতি হয়। • যোগাযোগের কষ্ট হয় • মানব সম্পদের ক্ষতি • পশু সম্পদের ক্ষতি হয়।	• বাউফল উপজেলায় অসংখ্য বাঁধ রয়েছে। তার মধ্যে একটি বাঁধ কালাইয়া লঞ্চ ঘাট থেকে শৌলা হয়ে সন্দীপ পর্যন্ত এই বাঁধের দৈর্ঘ্য ১০ কিমি.। • এছাড়া এ উপজেলার মোট ১২৭.০০কিমি বাঁধ রয়েছে যা আকস্মিক বন্যা মোকাবেলায় এ উপজেলার জন্য দূর্গ হিসাবে কাজ করে।
ঘূর্ণি ঝড়	• বন্যায় ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • কবর স্থান ডুবে যায়। • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• বাউফল উপজেলায় ৪৯টি স্কুল কাম সাইক্লোন সেন্টার রয়েছে। • বাউফল উপজেলায় ২০কিঃমিঃ,উঁচু পাকা রাস্তা রয়েছে। • বাউফল উপজেলায় ৭৮টি উঁচু টিউবয়েল রয়েছে।
জলোচ্ছাস	• বন্যায় ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • কবর স্থান ডুবে যায়। • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• বাউফল জেলার উপাজেলতে ৪৯ টি সাইক্লোন সেন্টার আছে। • এই উপজেলার ১৪ টি ইউনিয়নের ১৭টি কবরস্থান উচু আছে। • বাউফল উপজেলায় মোট ১২৭ কিমিঃ দৈঘ্য বাঁধ রয়েছে। তার মধ্যে একটি বাঁধ • পটুয়াখালি জেলার বাউফল উপজেলায় ২০ কিঃমিঃ উচু রাস্তা রয়েছে।

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
বন্যা	• বন্যায় ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • কবর স্থান ডুবে যায়। • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• বাউফল উপজেলার পানি নিষ্কাশনের মাধ্যম হল ৩টি নদী রয়েছে। • বাউফল উপজেলায় ৭৮টি উঁচু টিউবওয়েল রয়েছে। • বাউফল উপজেলায় ৬ ফুট উঁচু মোট- ১২৭ কিঃমিঃ বাঁধ রয়েছে। • বাউফল উপজেলা ১৭ টি কবর স্থান উঁচু রয়েছে। • বাউফল উপজেলায় ২০ কিঃমিঃ উচু রাস্তা রয়েছে। • বাউফল উপজেলার ১৬ শতাংশ বনায়ন রয়েছে।
কালবৈশাখী	• ঝড়ে ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • মানব সম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • পশু সম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• বাউফল উপজেলা ১৬ শতাংশ বনায়ন রয়েছে। • বাউফল উপজেলায় ৪৮টি স্কুল কাম সাইক্লোন সেন্টার রয়েছে।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

বাউফল উপজেলায় ভৌগোলিক অবস্থানগত কারনে উপজেলার বিভিন্ন ইউনিয়ন, গ্রাম গুলি বিভিন্ন আপদের সম্মুখীন হয়। এ উপজেলার অধিকাংশ জনগস্ঠী কৃষি ও মৎসের উপর নির্ভশীল। সামুদ্রীক উপকুলিয় অঞ্চল হয়ায় এখানকার মানুষদেরকে আপদ গুলিকে মোকাবিলা করতে হয়। উপজেলার সব স্থানের বিপদাপন্নতা সমান নয় তাই আপদের ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা,বিপদাপন্নের কারন ওবিপদাপন্ন জনসংখ্যা নিম্নে সংখিপ্ত দেওয়া হলঃ

টেবিল ২.৪. সর্বাধিক বিপদাপন্ন এলাকা।

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
ঘূর্ণি ঝড়	চন্দ্রদীপ,কেশবপুর, ধুরিয়া, নাজিরপুর, নাজিরপুর, কালাইয়া, কাছিপাড়া সহ সমগ্র উপজেলা	নদীর তীরবর্তী এলাকা	১,৩০,৫০০জন
জলোচ্ছাস	চন্দ্রদীপ,কেশবপুর, ধুরিয়া, নাজিরপুর, নাজিরপুর, কালাইয়া, কাছিপাড়া	নদীর তীরবর্তী এলাকা	৪০,২০০জন
বন্যা	চন্দ্রদীপ,কেশবপুর, ধুরিয়া, নাজিরপুর, নাজিরপুর, কালাইয়া, কাছিপাড়া	নদীর তীরবর্তী এলাকা	৫৬০০০জন
কালবৈশাখী	চন্দ্রদীপ,কেশবপুর, ধুরিয়া, নাজিরপুর, নাজিরপুর, কালাইয়া, কাছিপাড়া সহ সমগ্র উপজেলা	প্রয়জনের তুলনায় বনায়ন কম	১,২০,০০০ জন

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
নদীভাঙ্গন	কেশবপুর, নাজিরপুর, কালাইয়া,ধুলিয়া,	নদীর তীরবর্তী এলাকা	২০,২০০ জন

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ

বাউফল উপজেলাটি কৃষি ভিত্তিক উৎপাদন নির্ভর। এ উপজেলার অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। তাই উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে কৃষিকে প্রাধান্য দিলেও আপদ ও ঝুঁকি হ্রাসের জন্য মৎস, প্রাণী, স্বাস্থ্য, জীবিকা, অবকাঠামো সব দিকেই উন্নয়ন প্রয়োজন। নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত ভাবে আলোচনা করা হল-

টেবিল ২.৫: উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়।

প্রধান খাত সমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	বাউফল উপজেলায় মোট ১,২০,৩৬৬ একর জমিতে ১৬৭০০ মেট্রিক টন ফসল উৎপাদিত হয়। ফসল উদ্বৃত থাকে যা উপজেলার অর্থনীতির জন্য বিরাট সাফল্য বয়ে আনে। ফলে নতুন চাষীরা উদ্যোগী হয়ে কৃষিতে এগিয়ে আসবে। তাই বাউফল উপজেলায় কৃষিসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে বিবেচিত।	বাউফল উপজেলায় ৬০% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৪০%, ক্ষুদে কৃষক শ্রেণী ৩০%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫% এই কৃষি থেকে আয় হয় ৭১.৪৬%। আবহাওয়া ও জলবায় পরিবর্তনের ফলে যদি বন্যা, জলোচ্ছাস, শৈত্যপ্রবাহ,নদীভাঙ্গন হয় তাহলে কৃষিজ ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, তাই দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়ের জন্য বাউফল উপজেলার কৃষিতে আরো আধুনিকায়ন প্রয়োজন। যার ফলে বাউফল উপজেলার কৃষি সম্প্রসারিত হবে যা কিছুটা দুর্যোগ সহায়ক।
মৎস্য	বাউফল উপজেলায় পুকুরের সংখ্যা ৩৬,৪০৮টি।এর আয়তন ১৪৩৮ হেক্টর,খাস পুকুরের সংখ্যা ৫৭ টি আয়তন ১২.৪৬ হেক্টর বেসরকারী হ্যাচারী ৩টি, এ উপজেলায় ১১৭মেঃটঃ পোনার চাহিদা রয়েছে। ৬১ মেঃটঃ পোনা এ উপজেলাতে উৎপাদিত হয়। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা পূরনের এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই বাউফল উপজেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়। পটুয়াখালী জেলা মৎস সম্পদে সমৃদ্ধ। নদী বিধৌত পটুয়াখালী জেলার খাল-বিল, পুকুর, নালা, নিম্নভূমি গুলো মৎস সম্পদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই জেলার নদী মোহনাগুলো ইলিশ মাছের জন্য বিখ্যাত।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি হয় তাহলে কৃষি ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি মাছ চাষ করে তাহলে কৃষকরা অনেকটাই ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাছাড়া ধান ও মাছের সমন্বিত চাষ করলে, ধান নষ্ট হলেও মাছের উৎপাদন দুর্যোগকালে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় রাখতে সহায়তা করবে। দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য মাছ চাষের কোন বিকল্প নেই। তাই বলা যায় মৎস্যখাত দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।

প্রধান খাত সমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
পশুসম্পদ	পূর্বে বাউফল উপজেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল ছিল। বর্তমানে প্রয়োজনীয় চারণভূমি ও গোখাদ্যের অভাবে পশুসম্পদ অনেক কমে গেছে। বর্তমানে ২২০ টি গবাদিপশুর খামার, ৩০,৩৮০টি ব্রয়লার মুরগীর খামার রয়েছে যা মানুষকে স্বাবলম্বী করে তোলে এবং অর্থনীতিতে ভূমিকা রাখে।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি বন্যা ও জলোচ্ছাস হয় তাহলে মৎস্য চাষী ও কৃষকরা অনেকটাই ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি পশু পালন করে তাহলে তাৎক্ষণিক আর্থিক ক্ষতির থেকে রক্ষা পাবে এবং দুর্যোগের মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। সেজন্য দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য পশুসম্পদের কোন বিকল্প নেই। তাই বলা যায় পশুসম্পদ দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
স্বাস্থ্য	বাউফল উপজেলায় ১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ০৬টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও ৪২টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। এগুলো বাউফল উপজেলার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরনের মাধ্যমে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখে।	দুর্যোগের ফলে বাউফল উপজেলায় রোগব্যাধি বৃদ্ধি পায়, এজন্য স্বাস্থাসেবার আরো আধুনিকায়ন প্রয়োজন যা দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে যথেষ্ট সমন্বয় সাধন করতে সক্ষম হয়।
জীবিকা	বাউফল উপজেলায় ৭০% মানুষ কৃষিকাজে সম্পৃক্ত (দিনমজুর ৪০%, ক্ষুদে কৃষক শ্রেণী ২০%, মাঝারি কৃষক শ্রেণী ১০%, বড় কৃষক শ্রেণী ৫%)। অন্যান্য খাত গুলো হল- অ-কৃষিজ শ্রম ২.৫০%, শিল্প ০.৭৬%, বাণিজ্য ৯.০১৩%, যোগাযোগ ও পরিবহন ৩.৯৫%, চাকুরি ৪.৮৩%, নির্মাণ ০.৯%, ধর্মীয় সেবা ০.০৮%, রেমিটেন্স ০.০৬% এবং অন্যান্য ২.২৫%। বাউফল উপজেলায় মানুষের জীবিকা ভিন্নরুপ হওয়ায় তাদের অর্থনীতি খুবই সমৃদ্ধশালী। আনুপাতিক হারে এই উপজেলাতে মানুষের অভাব খুবই কম। কারন তারা বেশীরভাগই নির্ভরযোগ্য পেশায় জড়িত। যার ফলে বাউফল উপজেলার মানুষের জীবন জীবিকা বেশ উন্নত।	জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাউফল উপজেলায় বন্যা, জলোচ্ছাস, নদীভাঙ্গন,কালবৈশাখি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব পড়ে। কিন্তু মানুষ যদি বিকল্প জীবিকার ব্যবস্থা গ্রহন করে, তাহলে দুর্যোগকালে তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা সম্ভব। এবং দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য বিকল্প জীবিকা ব্যবস্থার কোন বিকল্প নেই। বিকল্প জীবিকা ব্যবস্থা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
গাছপালা	বাউফল উপজেলায় গাছপালা ও বনায়নের জন্য যথেষ্ট সুনাম আছে। এই উপজেলাতে প্রচুর ফলের গাছ আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া, বাবলা ও বরই সফেদা গাছ রয়েছে। বাউফল উপজেলায় সরকারিভাবে ১৬ হেক্টর বনায়ন রয়েছে যা বাউফল উপজেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে।	বাউফল উপজেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, জলোচ্ছাস নদীভাঙ্গন, ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্য সম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া জলোচ্ছাসের প্রভাবে প্রচুর ঘরবাড়ী, রাস্তাঘাটসহ প্রচুর অবকাঠামোগত ক্ষতি সাধিত হয়। যা মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব ফেলে এবং পরিবেশ রক্ষা কঠিন হয়ে পড়ে। এসব মোকাবেলার জন্য প্রচুর পরিমানে গাছপালার কোন বিকল্প নেই। তাই বাউফল উপজেলায় একটা স্লোগান হওয়া উচিত " গাছ লাগান এবং পরিবেশ বাঁচান" যা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট ভুমিকা পালন করে।

প্রধান খাত সমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
অবকাঠামো	বাউফল উপজেলায় প্রচুর অবকাঠামোগত সম্পদ রয়েছে যার মধ্যে ১০ টি (১৫৮ হেক্টর) বাঁধ, ৬৪৮টি কালভার্ট ও ২২৬টি ব্রীজ রয়েছে। এছাড়া উপজেলা, ইউনিয়ন এবং গ্রাম্যপথ মিলিয়ে সর্বমোট মোট রাস্তা ১০৩.১৪ কিঃমিঃ, পাকা ৮০.৮৬ রাস্তা কিঃমিঃ, কাঁচা রাস্তা ২২.২৮ কিঃমিঃ। সেচের জন্য বর্তমানে ৯৭.৪ % গভীর নলকূপ রয়েছে। এছাড়া ৩৯টি হাট ও ৬টি গ্রোথ সেন্টার রয়েছে যা উপজেলার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। এই অবকাঠামোগত সম্পদগুলো বাউফল উপজেলার উন্নয়নমূলক কাজ তথা অর্থনীতিতে অগ্রণী ভুমিকা পালন করে।	বাউফল উপজেলায় বন্যা, জলোচ্ছাস নদীভাঙ্গন, হলে অবকাঠামোগত সম্পদগুলো দুর্যোগকালে বিভিন্নভাবে কাজে লাগে যেমন- বাঁধ নদীভাঙ্গনের হাত থেকে উপজেলাকে রক্ষা করে। কালভার্টগুলো বন্যা, জলোচ্ছাস হলে যোগাযোগের কাজে ব্যবহার হয়। এটা কৃষির অনেক উপকার করে। নলকূপগুলো খরা মৌসুমসহ অন্য সময়ে পানি সেচের কাজে ব্যবহার করে প্রচুর কৃষিসম্পদ অর্জিত হয়ে থাকে। রাস্তাঘাট বিভিন্ন জেলা/ উপজেলার সাথে যোগাযোগ সম্পর্ক উন্নয়ন করে। দুর্যোগের সময় হাটবাজার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। দুর্যোগ মোকাবেলা করার জন্য অবকাঠামোগত সম্পদ অনেক গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য অবকাঠামোগত সম্পদকে যথেষ্ট শক্তিশালী করার কোন বিকল্প নাই।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.৭ সামাজিক ম্যাপ

বাউফল উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য উপজেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে বাউফল উপজেলার মানচিত্র দেখিয়ে সামাজিক মানচিত্র করার উদ্দেশ্য, গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় উপজেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়। সামাজিক মানচিত্রে উপজেলার গ্রামগুলির অবকাঠামোসমূহ, রাস্তা-ঘাট, ব্রিজ, কালভার্ট, বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানসমূহ, হাট-বাজার, নদী-খাল, ফসলের মাঠসহ গুরুত্বপূর্ণ বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। সামাজিক মানচিত্রে বাউফল উপজেলার সার্বিক অবস্থা পৃষ্ঠা ৩০ এ দেখানো হয়েছে।

২.৮ দুর্যোগ এবং ঝুঁকি ম্যাপ

বাউফল উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য উপজেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে বাউফল উপজেলার মানচিত্র দেখিয়ে দুর্যোগ ও ঝুঁকি মানচিত্র করার উদ্দেশ্য, গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় এলাকার আপদসমূহ চিহ্নিত করে বাঘা উপজেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়েছে। উপজেলার কোন ইউনিয়নে কি ধরনের আপদ সংঘটিত হয় তা ঝুঁকি মানচিত্রে অংশগ্রহনকারীদের দ্বারা প্রদর্শন করা হয়েছে। দুর্যোগ ও ঝুঁকি মানচিত্রে বাউফল উপজেলার সার্বিক অবস্থা পৃষ্ঠা ৩১ এ দেখানো হয়েছে।



Baufal Upzila
Social Map
Legend
Dhulia
Kalisuri
Keshabpur
Kachipara
Surjamani
Kanakdia
Nazirpur
Madanpur
Boga
Bauphal
BAUPHAL
Adabaria
Nowmala
Daspara
Kalaiya
N
30,000 15,000 0 30,000 60,000
Kilometers



Baufal Upzila
Hazard & Risk Map
Legend
Dhulia
Kalisuri
Keshabpur
Kachipara
Surjamani
Kanakdia
Nazirpur
Madanpur
Boga
Bauphal
BAUPHAL
Daspara
Adabaria
Nowmala
N
Kilometers

২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি

বাউফল উপজেলায় খরার প্রবনতা বেশি না হলেও সারা বছর জুড়েই বিভিন্ন আপদ পরিলক্ষিত হয়ে থাকে। ফাল্গুন- চৈত্র মাস থেকেই কালবৈশাখীর প্রবনতা থাকে এবং বৈশাখ, জৈষ্ঠ্য মাসে ও আশ্বিন-কার্তিক মাসে ঘূর্ণিঝড়ের পাশাপাশি জলছ্বাস হয়ে থাকে। বৈশাখ, জৈষ্ঠ্য মাসে জলছ্বাস কিছুটা কম হলেও আষাঢ়-শ্রাবন মাসে বেশি দেখা দেয়। এছাড়া উপজেলার ভেতর দিয়ে ৫ টি নদী প্রবাহিত হয়েছে। হঠাৎ বন্যা বা জলোচ্ছাসে নদীর পানি বেড়ে গিয়ে নদী সংলগ্ন এলাকা প্লাবিত হয়। জনসাধারন বৈশাখ থেকে কার্তিক মাস পর্যন্ত যে কোন ঘূর্ণিঝড়, কালবৈশাখী ঝড় হয়ে বিপুল পরিমান ক্ষতির সম্মুখীন হতে পারে। নিম্নে টেবিলের মাধ্যমে আপদের মৌসুমী দিনপঞ্জি তুলে ধরা হয়েছে।

টেবিল ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি।

আপদসমূহ	মৌসুম											
	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ
	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
জলোচ্ছাস												
ঘূর্ণি ঝড়												
বন্যা												
নদী ভাঙ্গান												
কালবৈশাখী												

তথ্যসুত্রঃ বাউফল উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস

বেশী		মাঝারী		কম	

আপদের দিনপজি বিশ্লেষন

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন কোন মাসে সংগঠিত হয় এবং কোন কোন মাসে এর প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। প্রি-সিআরএ কাজের অংশ হিসেবে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যামে জানা যায়।

জলোচ্ছাসঃ পটুয়াখালির বাউফল উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। জলোচ্ছাসের ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না।

ঘূর্ণিঝড়ঃ পটুয়াখালির বাউফল উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। তবে বৈশাখ ও জ্যৈষ্ঠ, আশ্বিন ও কার্তিক মাসে ঘূর্ণিঝড় হয়ার প্রবনতা বেশি থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। সালের ঘূর্ণি ঝড় ছিলো ব্যপক।

বন্যাঃ মূলত নদী ভরাটের কারণে ও পানি নিষ্কাশনের পথ না থাকায় বন্যা হয়। প্রচুর পরিমাণ পলি জমে নদীগুলো ক্রমাগত ভরাট হয়ে যাচ্ছে এবং নদীর মাঝে চর জেগে উঠায় অতিরিক্ত পানির চাপে নদীর পাড় উপচে বন্যার সৃষ্টি করে। বাউফল উপজেলায় জুলাইয়ের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের শেষ পর্যন্ত বন্যার সম্ভাবনা দেখা দেয় হয়।

নদীভাঙ্গনঃ বাউফল উপজেলার ঘরবাড়ি, রাস্তাঘাট, সামাজিক ও শিক্ষাপ্রতিষ্ঠানসহ ফসল ও গবাদিপশু নদীভাঙ্গনে প্রতি বছর বিলীন হয়ে যাচ্ছে। এপ্রিল থেকে জুলাই পর্যন্ত এখানে নদীভাঙ্গন প্রকট না হলেও আগস্টের প্রথম থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত নদীভাঙ্গন প্রকট আকার ধারন করে।

কালবৈশাখীঃ বৈশাখ ও জ্যৈষ্ঠ , আশ্বিন ও কার্তিক মাসে কালবৈশাখী বেশী হওয়ার সম্ভাবনা থাকে। ঋতু বৈচিত্রের কারনে এবং আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। যার ফলে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে। প্রতি বছর পটুয়াখালির বাউফল উপজেলাতে কালবৈশাখির আঘাতে কম বেশি ক্ষতি হয়ে থাকে।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি

কৃষি ও মৎস অত্র এলাকার মানুষের প্রধান জীবিকা। এছাড়া ভূমিহীন শ্রমীক আছে যারা দিনমজুর হিসাবে তাদের জীবিকা নির্বাহ করে থাকে। এ অঞ্চলে বেশ কয়েকটি হাট বাজার থাকায় এবং বিপুল পরিমান কৃষি ও মৎস পন্য রপ্তানির জন্য ব্যবসায়ী জীবিকাও গড়ে উঠেছে। নিম্নে টেবিলের মাধ্যমে জীবিকার মৌসুমী দিনপঞ্জি দেওয়া হল-

টেবিল ২.৭: জীবিকার মৌসুমী দিনপঞ্জি

জীবিকার উৎস	মৌসুম											
	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ
	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
কৃষক												
কৃষি শ্রমিক												
অকৃষি শ্রমিক												
মৎস্য চাষি												
মৎস্যজীবি												
মাঝি												
ব্যবসায়ী	ঈদ ও অন্যান্য ধর্মীও অনুষ্ঠানের সময় কাজের চাপ বেশি থাকে											
চাকুরীজীবি	সারা বছরই সমান ব্যস্ত থাকে											
নসিমন/ ভ্যান চালক												
কুটির শিল্পের কাজ												
কাঠ মিস্ত্রির কাজ												
রাজ মিস্ত্রির কাজ												

তথ্যসুত্রঃ বাউফল উপজেলা ও ইউনিয়ন পরিষদ অফিস,

বেশী		মাঝারী		কম	

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

পূর্বে আলোচিত আপদ/ দূর্যোগ সমূহ স্বাভাবিক জীবন জীবিকা নির্বাহে বাঁধার সৃষ্টি করে। কৃষি, মৎস, দিনমজুর ও ব্যবসায়ী সকলেই কম বেশি বিপদাপন্ন হয়। নিম্নে টেবিলের মাধ্যমে জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা দেওয়া হল-

টেবিল ২.৮ :জীবন ও জীবিকি সম্পর্কিত বিপদাপন্নতা

ক্রমিক	জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগ সমূহ				
		জলোচ্ছাস	ঘূর্ণিঝড়	নদীভাঙ্গন	কালবৈশাখী	বন্যা
০১	কৃষি	☑	☑	☑	☑	☑
০২	মৎস্য	☑	☑	☑		☑
০৩	দিনমজুর	☑	☑	☑		☑
০৪	ব্যবসায়ী	☑	☑		☑	☑

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা

প্রতিটি ইউনিয়নের আপদ সমূহ চিহ্নিতকরণ ও তার সংশ্লিষ্ট বিপদাপন্ন খাত ও উপাদান এবং এলাকা সমূহ নির্ধারণের পর আপদ সমূহের সংশ্লিষ্ট ঝুঁকি সমূহ চিহ্নিত, তালিকা প্রস্তুত ও বিবরণ লিপিবদ্ধ করা হয়েছে। প্রতিটি গ্রুপ থেকে দুই জন করে প্রতিনিধি নিয়ে চারটি (কৃষক, ভূমিহীন, মহিলা ও মৎস্যজীবী) দলে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপে ৬ জন করে মোট ২৪ জন প্রতিনিধির সাথে পৃথক পৃথক ভাবে প্রতিটি দলের বর্ণনাকৃত ঝুঁকি সমূহের মূল্যায়ন করে অগ্রহণযোগ্য ঝুঁকি সমূহের উপর ভোটাভুটির মাধ্যমে (জিপস্টিকের মাধ্যমে ভোট প্রদান) ঝুঁকির অগ্রাধিকার করণ করা হয়েছে। চারটি দলের অগ্রাধিকার কৃত ঝুঁকিসমূহ একত্রিত করে প্রাপ্ত ভোট সংখ্যার আলোকে সর্বোচ্চ ভোট প্রাপ্তির ক্রমানুযায়ী ঝুঁকির তালিকা থেকে ঝুঁকি নিয়ে তার কারণ বিশ্লেষণ সহ স্থানীয় পর্যায়ে ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায় সমূহ নির্ধারণ করা হয়েছে। অগ্রাধিকারকৃত ঝুঁকি সমূহ নিম্নরূপ। এগুলো পরবর্তীতে গ্রুপের প্রতিনিধিদের উপস্থিতিতে পরোক্ষ স্টেকহোল্ডারদের দ্বারা যাচাই করা হয়েছে।

টেবিল ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি।

আপদ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ									
	ফসল	গাছপালা	পশু সম্পদ	মৎস্য সম্পদ	ঘরবাড়ি	রাস্তাঘাট	ব্রীজ কালভার্ট	শিক্ষা প্রতিষ্ঠান	স্বাস্থ্য	আশ্রয়কেন্দ্র
ঘুণীঝড়	☑	☑	☑					☑		☑
জলচ্ছাস	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑
বন্যা	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑
নদীভাঙ্গন	☑	☑		☑	☑	☑		☑		☑
কালবৈশাখী ঝড়	☑	☑	☑		☑			☑		☑
অনিয়মিত বৃষ্টিপাত	☑	☑							☑	
খরা	☑	☑	☑	☑						

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

কোন স্থানের বা অঞ্চলের দীর্ঘ কালের (৩০ বছর বা তার অধিক সময়ের) দৈনন্দি আবহাওয়া পর্যালোচনা করে বায়ুমন্ডলের ভৌত উপাদান গুলোর (বায়ুর তাপ,বায়ুর চাপ,বায়ু প্রবাহর দিক ও তার গতিবেগ , বায়ুর আদ্রতা, মেঘের পরিমান, মেঘের প্রকারভেদ এবং বৃষ্টি পাত) যে সাধারন অবস্থা দেখা যায় তাকে ওই স্থানের বা অঞ্চলের জলবায়ু বলে। পৃথিবীতে প্রতিদিন যে সূর্য কিরন পৌছায়,ভূ পৃষ্ঠতা শোষণ করে। শোষিত সূর্য কিরন আবার মহাশূন্যে বিকিরিত বা প্রতিফলিত হয়। এটাই প্রাক্রিতিক নিয়ম। প্রাক্রিতিক নিয়মের এই শোষন–বিকিরন প্রক্রিয়ায় কোন ধরনের বাধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়াকেই জলবায়ু পরিবর্তন বলে।

টেবিল ২.১০: জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

খাতসমূহ	বর্ননা

খাতসমূহ	বর্ননা
কৃষি	জলবায়ু পরিবর্তনের প্রভাবে এ উপজেলায় ১৯৮৮ সালের মত বন্যা হলে ২২৭৬২ হেক্টর আবাদী জমির ফসল নষ্ট হতে পারে ও উপজেলার বিপুলসংখ্যক মানুষ বিপদাপন্ন হতে পারে। ৬টি ইউনিয়নে নদীভাঙ্গনের কারণে ৩৫ বর্গ কিলোমিটার জমির ফসল নষ্ট হয়ে অনেক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ২০০৩ সালের মত প্রচন্ড বন্যা হলে ১৫১৭৫ হেক্টর জমির ফসল নষ্ট হতে পারে, অনেক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। উপজেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে হঠাৎ কালবৈশাখীর কারনে ২০,২৩৩ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে অনেক পরিবারের অসংখ্য মানুষ অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। অনাবৃষ্টির কারণে ২০২৩৩ হেক্টর ফসলী জমির ফসল নষ্ট হতে পারে যার ফলে উপজেলায় খাদ্যসংকট দেখা দিতে পারে। ঘনকুয়াশার কারণে আমসহ (মুকুল ঝড়ে যাওয়ার কারণে) অন্যান্য ফলের বাগান এবং ৩৫২৫ হেক্টর জমির ফসল নষ্ট হতে পারে।
মৎস্য	বাউফল উপজেলায় জলচ্ছাসের কারণে ৪৭৭৬ টি মাছচাষের পুকুরের মাছের ক্ষতি হতে পারে এবং আর্থিক ক্ষতি হতে পারে। যার ফলে আমিষের অভাব দেখা দিতে পারে। উপজেলায় ১৯৮৮ সালের মত বন্যা হলে ৩৪৭৩ টি মাছ চাষের পুকুর বন্যার পানিতে ভেসে যেতে পারে। যার ফলে খাদ্য, পুষ্টি ও আমিষের অভাব দেখা দিতে পারে।
গাছপালা	জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাউফল উপজেলায় ২০০৩ সালের মত ঝড় হলে প্রচুর পরিমানে গাছপালা ভেঙে পড়ে যেতে পারে। ফলে পরিবেশের ভারসাম্য রক্ষা বিপর্যস্ত হতে পারে। নদীভাঙ্গনের কারণে ৫টি ইউনিয়নে প্রচুর পরিমানে গাছপালা নদীতে বিলীন হতে পারে। ফলে পরিবেশের ভারসাম্য ব্যাহত হতে পারে।
স্বাস্থ্য	উপজেলায় ১৯৮৮ সালের মত বন্যা হলে প্রায় ৬০% গর্ভবতী মহিলাদের বন্যাকালীন সময়ে সন্তান প্রসবের স্থানাভাব এবং বিপন্ন যোগাযোগ ব্যবস্থার কারণে তাদের প্রানহানীর আশংকা দেখা দিতে পারে। এছাড়া পানিবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। ২০০৯ ও ২০১১ সালের মত জলচ্ছাস হলে উপজেলায় প্রায় ৫০%জনগনের চর্মরোগ দেখা দিতে পারে। তাছাড়া খরার কারণে চর্মরোগসহ বিভিন্ন ভাবে স্বাস্থ্যহানি ঘটতে পারে।
জীবিকা	জলবায়ু পরিবর্তনের প্রভাবে উপজেলায় বন্যা, খরা, নদীভাঙ্গন, জলচ্ছাস, ঝড়, অনাবৃষ্টি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ ও পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণ প্রভাব পড়ে। এ সমস্ত আপদের কারণে উপজেলার ৩৮%মানুষ কর্মশূন্য হয়ে পড়তে পারে। ফলে বাউফল উপজেলার অর্থনীতিতে ভয়াবহতা সৃষ্টি হতে পারে।
পানি	জলবায়ু পরিবর্তনের প্রভাবে উপজেলায় ১০টি ইউনিয়নে খরা দেখা দিতে পারে এবং ভূ-গর্ভস্ত পানির স্তরের নিম্নগামী হওয়ার কারণে পানির অভাব দেখা দিতে পারে। ফলে ২২৭৬২ হেক্টর জমির ফসল নষ্ট হতে পারে,অসংখ্য পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। এছাড়া চর্মরোগসহ বিভিন্ন রোগের ভয়াবহতা ছড়িয়ে পড়তে পারে এবং কৃষিসম্পদ, মৎস্যসম্পদ ও পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হতে পারে।
অবকাঠামো	জলবায়ু পরিবর্তনের প্রভাবে হঠাৎ ২০০৩ সালের মত ঝড় হলে প্রায় ২৫% শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানসহ অন্যান্য অবকাঠামো ক্ষতির সম্মুখীন হতে পারে, যার ফলে শিক্ষাব্যবস্থা ব্যাহত হতে পারে। ঝড়ের আক্রমণে ৬০% কাঁচা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে বিপুলসংখ্যক লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। ১৯৮৮ সালের মত বন্যা হলে প্রায় ৩২৯.৭৫ কিলোমিটার রাস্তার ক্ষতি হতে পারে এবং চলাচলের অযোগ্য হতে পারে। যার ফলে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হতে পারে। ৬টি ইউনিয়ন নদীভাঙ্গনের কারণে প্রায় ৭০ কিলোমিটার রাস্তা, স্কুল, কলেজ অন্যান্য অবকাঠামো নদীগর্ভে বিলীন হয়ে যেতে পারে। এছাড়া ১৬% কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে অনেক পরিবারের লোকজন অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন,২০১৪

তৃতীয় অধ্যায়
দুর্যোগ ঝুঁকি হ্রাস

৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ

কোন আপদ বা আপদসমূহ, বাউফল উপজেলার বিপদাপন্ন জনগোষ্ঠী ও তার আয়, সম্পদ এবং পরিবেশ- এ তিন উপাদানের নেতিবাচক সংমিশ্রনের ফলে ক্ষতিকর প্রভাবের সম্ভবনা অর্থাৎ কোন আপদ ঘটার সম্ভবনা ও মাত্রা এবং তার ফলে নির্দিষ্ট জনগোষ্ঠীর ক্ষতির সম্ভবনা এই দুইয়ের পারস্পরিকতাই ঝুঁকি।বাউফল উপজেলার ঝুঁকি ও ঝুঁকির কারণসমূহ চিহ্নিত করে নিম্নে টেবিলের মাধ্যমে দেওয়া হল:

টেবিল ৩.১: বাউফল উপজেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
বাউফল উপজেলায় হঠাৎ ঘূণী ঝড়ের আঘাতে বোরো ধান, আউশ ধান, গম, আখ, আম, লিচু, ভুট্টা, তিল, পেঁয়াজ, রসূন, মরিচ, ছোলা, শাক-সবজী এবং বিভিন্ন প্রজাতির গাছপালা নষ্ট হয়ে মানুষের খাদ্য ও আর্থিক সংকট দেখা দিতে পারে এবং এর প্রভাবে এ অঞ্চলে আরো ব্যাপক ক্ষতির সম্ভাবনা রয়েছে। ১০৫৬৭টি গবাদিপশু মারা গিয়ে ৩৪৮০টি পরিবারের ১০৫৩০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	-আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১. জন-সচেতনতার অভাব। ২. বৃক্ষনিধন ও পর্যাপ্ত বৃক্ষ না থাকা। ৩. পানির স্তর নিচে নেমে যাও।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা। ২.প্র্যজনের তুলনায় বনায়ন কম থাকা।
বৈশাখের শুরু হতে জ্যৈষ্ঠের শেষ সময় কালবৈশাখী ঝড়ের কারণে বোর ধানের উৎপাদন ব্যাপক ভাবে হ্রাস পেতে পারে। ঝড়ের কারণে পান বরজ, গম, ভুট্টা, ছোলা, শাকসবজি মারাত্নক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। কালবৈশাখী ঝড়ের ফলে কৃষি খাত সামগ্রিক ভাবে প্রচন্ড ঝুঁকির মধ্যে রয়েছে।	- জনসচেতনার অভাব -হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া - প্রচন্ড গরমের কারণে	১. আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১. বড় বড় বৃক্ষনিধন করা এবং বৃক্ষ রোপণের কোন সরকারী নীতিমালা পালন না করা
বাউফল উপজেলায় হঠাৎ বন্যার কারণে ২২৭৬২ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে ৫৬৫৪১ টি পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে	- পানির প্রবল চাপে বাঁধ ভেসে যাওয়া -উজানের ঢল নামা	১. নদীর পাড় ভেঙ্গে ধীরে ধীরে নদীর নাব্যতা কমে যাওয়া। - প্রয়োজনীয় স্থানে বাঁধ না থাকা	১. সরকারী নীতিমালার মাধ্যমে ড্রেজিং ব্যবস্থা না থাকা
বাউফল উপজেলায় নদীভাঙ্গনের কারণে ৩৮ বর্গ কিলোমিটার রবি ও ধানের জমির ফসল নষ্ট হয়ে বিপুল সংখ্যক কৃষক পরিবার অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে	- পানির প্রবল চাপ - শ্রাবণ মাসের প্রবল	-নদীর কম গভীরতা	১. নদীর গভীরতা কম ও সুষ্ঠু পর্যবেক্ষণের অভাব

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
	বৃষ্টিপাত		২. নদীর বাঁধ তদারকি ও বাস্তবায়ন কমিটির অভাব
বাউফল উপজেলায় জলচ্ছাসের কারণে ৭৫৮৭ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে ১৮৮৪৭টি পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।	-উত্তর পশ্চিম দিকের প্রবাহিত বাতাস	-জলবায়ু পরিববর্তন -শীত ও গুঁড়ি গুঁড়ি বৃষ্টি	১. গাছপালা নিধন করা ২. পরিবেশ দূষণ করা
বাউফল উপজেলায় নদীভাঙ্গানের কারণে ৬৬৮৭টি ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে	-পানির প্রবল চাপ -শ্রাবণ মাসের প্রবল বৃষ্টিপাত	- নদীর কম গভীরতা	১. নদীর গভীরতা কম ও সুষ্ঠু পর্যবেক্ষণের অভাব ২. নদীর বাঁধ তদারকি বাস্থবায়ন কমিটির অভাব
বাউফল উপজেলায় বন্যা কারণে অসংখ্য কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে অনেক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্তসহ আশ্রয়হীন হতে পারে। তেতুলিয়া নদীর বাঁধ প্লাবিত হয়ে মানুষ গৃহহীন হয়ে আবাসন সমস্যা দেখা দিতে পারে। ১৯৯৮ সালের মত বন্যা হলে উপজেলার মাটির ঘর সহ আধাপাকা ঘর বেশী ক্ষতি হতে পারে।	-পানি সেচের ব্যবস্থা না থাকা। -উজান থেকে আসা অতিরিক্ত পানির চাপের কারণে।	-পুকুরের কম গভীরতা	১.জাতীয় পর্যায়ে পুকুর সংস্কারের প্রতি গুরুত্ব না দেয়া
বাউফল উপজেলায় বন্যার কারণে ৭২% কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে ৪৩৪২৪টি পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ ও আশ্রয়হীন হতে পারে।	-উজান থেকে আসা অতিরিক্ত পানির চাপ	-নীচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা - অপরিকল্পিতভাবে ঘরবাড়ি তৈরি করা	১. সরকার কতৃক অবকাঠামো নির্মাণের সুষ্ঠু নীতিমালা না থাকা
বাউফল উপজেলায় নদীভাঙ্গানের কারণে ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান নদীগর্ভে বিলীন হয়ে ৩৯,০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পা।	-অতিবৃষ্টিতে নদীর পাড় নরম হওয়া	-নদীর গভীরতা কমে যাওয়া	১. নদীর পাড় মজবুত না করা
বাউফল উপজেলায় অনাবৃষ্টির কারণে ১৫১৭৫ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে ৩৭৬৯৪ টি চাষী পরিবারের ১৪৬৪২৯ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	-পর্যাপ্ত পানির অভাব	-পরিকল্পনা মাফিক চাষাবাদ না করা	১. পুরাতন গভীর নলকূপ সংস্কার না করা ২. গভীর নলকূপ স্থাপনের

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
			ব্যবস্থা না থাকা
বাউফল উপজেলায় বন্যা কারণে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ৫৬৫৪০টি পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	-জনসচেতনতার অভাব	-চিকিৎসাকেন্দ্রের স্বল্পতা	১.স্বাস্থ্য খাতে সরকারের সঠিক নীতিমালা ও পরিকল্পনার অভাব
বাউফল উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আক্রমণে ১২০টি শিক্ষা প্রতিষ্ঠান বিধ্বস্ত হয়ে ১৯৫০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	-আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো	-সর্তকতামূলক ব্যবস্থা না থাকা -বড় বড় গাছপালা নিধন	১. বৃক্ষরোপণের সঠিক নীতিমালা না থাকা

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ

বাউফল উপজেলায় ইউনিয়ন ভিত্তিতে উঠান বৈঠক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের আলোচনা থেকে উঠে আসা ঝুঁকি এবং ঝুঁকি নিরসনের সম্ভব্য উপায়সমূহ খুঁজে বের করা হয় যা নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত আলোচনা করা হল:

টেবিল ৩.২: বাউফল উপজেলার চিহ্নিত ঝুঁকিসমূহ নিরসনের সম্ভাব্য উপায়।

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
কালবৈশাখী ঝড়ের সময় বাতাসের বেগ অধিক হওয়ায় টিনের চালা, বেড়া, খড়ের চালার ঘরবাড়ী ভেঙ্গে ও উড়িয়ে নিয়ে যায়। ঝড় চলাকালীন অবস্থায় বাতাসের সাথে বৃষ্টি থাকায় ঘরের চার পাশের মাটি নরম হয়ে যায় এবং কাঁচা ঘরবাড়ী অধিক ঝুকিতে থাকে। হঠাৎ ঝড়ের আক্রমনে উপজেলার অধিক সংখ্যক কাঁচা ঘরবাড়ী বিধ্বস্ত হয়ে অনেক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্তসহ আশ্রয়হীন হওয়ার সম্ভাবনা রয়েছে। বাউফল উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ২০২৩৩ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে ৫০২৫৯টি পরিবারের	-জনসচেতনতার সুষ্ঠু ব্যবস্থা করা	১. আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানো ও তার সঠিক ব্যাখ্যা দেয়া	১. বড় বড় বৃক্ষ নিধন না করার ব্যবস্থা করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের ব্যবস্থা করা

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
১৯৫২৩০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।			
বাউফল উপজেলায় হঠাৎ বন্যার কারণে অসংখ্য কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে অনেক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্তসহ আশ্রয়হীন হতে পারে। তেতুলিয়া নদীর বাঁধ প্লাবিত হয়ে মানুষ গৃহহীন হয়ে আবাসন সমস্যা দেখা দিতে পারে। ১৯৯৮ সালের মত বন্যা হলে উপজেলার মাটির ঘর সহ আধাপাকা ঘর বেশী ক্ষতি হতে পারে। ২২৭৬২ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে ৫৬৫৪১ টি পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	-বাঁধ তদারকি করা -বাঁধের পাশে বালির বস্তা ফেলে পানি আটকানোর ব্যবস্থা করা	১. নদী ড্রেজিং করা ২. নদীর ধারে পাথর ফেলে পাড় ভালভাবে বেঁধে দেয়া	১. সরকারী নীতিমালার মাধ্যমে নদীর ধার ব্লক দ্বারা বেঁধে দেয়া
বাউফল উপজেলায় নদীভাঙ্গনের কারণে নদী পাশের ৩৮ বর্গ কিলোমিটার আখ ও ধানের জমির ফসল নষ্ট হয়ে বিপুলসংখ্যক কৃষক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	- টিন, বাঁশ, এবং বালির বস্তা দ্বারা পানির চাপ ঠেকানোর ব্যবস্থা করা	১. নদীর নাব্যতা বৃদ্ধি করা ২. বাঁধের ব্যবস্থা করা	১. নদী ড্রেজিং করা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা ২. নদীর উপরে বাঁধ নির্মাণ করা ৩. বাজেট বরাদ্দ করা
বাউফল উপজেলায় নদীভাঙ্গনের কারণে ৬৬৮৭টি ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	-টিন,বাঁশ, এবং বালির বস্তা দ্বারা পানির চাপ ঠেকানোর ব্যবস্থা করা	-নদীর নব্যতা বৃদ্ধি করা - বাঁধের ব্যবস্থা করা	১. নদী ড্রেজিংকরা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা ২. বাঁধ নির্মাণ করা ও বাজেট বরাদ্দ দেয়া
বাউফল উপজেলায় ১৯৯৮ ও ২০০৪ সালের মত বন্যা হলে ধান, পাট, পান, সবজী, বীজতলা এবং ফলের গাছ যেমন কলা, পেঁপে ইত্যাদি ফসলের ক্ষতিসহ অধিকাংশ সেচ যন্ত্র ডুবে গিয়ে বিকল হতে পারে। এর ফলে খাদ্যাভাব ও আর্থিক সংকট দেখা দিতে পারে। বন্যার কারণে ২২% কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে ৩৪২৪ টি পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ ও আশ্রয়হীন হতে পারে।	-বাঁধের পাশে বালির বস্তা ফেলে পানি আটকানোর ব্যবস্থা করা	-উঁচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা	১.সরকার কতৃক অবকাঠামো নির্মাণের নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ন করা
নদীভাঙ্গনের কারণে নদী তীরবর্তী এলাকার শিক্ষাপ্রতিষ্ঠান, দোকানঘর, কবরস্থান, মসজিদসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান	-নদীর ধার দিয়ে বালির বস্তা দেয়া	-ড্রেজিং এর মাধ্যমে নদীর গভীরতা বৃদ্ধি করা	১. সরকারের সঠিক নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ণ করা

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
নদীগর্ভে বিলীন হয়ে এলাকাবাসী আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে, পাশাপাশি শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে। বাউফল উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান নদীগর্ভে বিলীন হয়ে ৩৯,০০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।			
বাউফল উপজেলায় অনাবৃষ্টির কারণে ১৫১৭৫ হেক্টর জমির ফসল নষ্ট হয়ে ৩৭৬৯৪ টি চাষী পরিবারের ১৪৬৪২৯ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. চলমান গভীর নলকূপ গুলোর সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে পানির অভাব নিরসন করা	১. স্থানীয় কৃষি বিভাগের মাধ্যমে পরিকল্পনা মাফিক চাষাবাদ করা	১. পুরাতন গভীর নলকূপগুলো সংস্কর করা ও নতুন গভীর নলকূপ তৈরির ব্যবস্থা করা
বৈশাখের শুরু হতে জ্যৈষ্ঠের শেষ সময় কালবৈশাখী ঝড়ের কারণে বোর ধানের উৎপাদন ব্যাপক ভাবে হ্রাস পেতে পারে। ঝড়ের কারণে পান বরজ, গম, ভুট্টা, ছোলা, শাকসবজি মারাত্নক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। কালবৈশাখী ঝড়ের ফলে কৃষি খাত সামগ্রিক ভাবে প্রচন্ড ঝুঁকির মধ্যে রয়েছে। বাউফল উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২০টি শিক্ষা প্রতিষ্ঠান বিধ্বস্ত হয়ে ১৯৫০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১. আবহাওয়া বার্তা রেডিও, টেলিভিশনের মাধ্যমে সঠিক সময়ে পৌঁছানো	১. সর্তকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা ২. জনসচেতনতা সৃষ্টি করা	১. গবাদীপশু সংরক্ষণের জন্য বাসস্থান তৈরীর নীতিমালা ও বাজেট গ্রহণ

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা

বাউফল উপজেলায় ধীর গতিসম্পন্ন দুর্যোগের কারনে আপদ চিহ্নিত করে প্রশমনের ব্যবস্থাকে অবহেলার চোখে দেখা হয়। তবে জলবায়ু পরিবর্তন জনিত কারনে ইদানিংকালে দুর্যোগের প্রবনতা বেড়ে গেছে। তাই কিছু কিছু এনজিও দুর্যোগ নিয়ে কাজ করতে শুরু করেছে যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল।

টেবিল ৩.৩: এনজিওদের উন্নয়ন পরিকল্পনা

ক্রমিক	এনজিও	দুর্যোগ বিষয়ে কাজ	উপকার ভোগীর সংখ্যা	পরিমান/ সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১	ব্র্যাক	ক্ষুদ্রঋণ কার্যক্রম, সামাজিক, উন্নয়নমূলক কার্যক্রম, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম	শতকরা ৮০%	৫০০০-১০০০০ জন	২-৫ বছর

ক্রমিক	এনজিও	দুর্যোগ বিষয়ে কাজ	উপকার ভোগীর সংখ্যা	পরিমান/ সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
২	আশা	ক্ষুদ্রঋণ কার্যক্রম, সামাজিক, উন্নয়নমূলক কার্যক্রম, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম	শতকরা ৬০%	৫০০০-১০০০ জন	২-৫ বছর
৩	প্রশিকা	ক্ষুদ্রঋণ কার্যক্রম, সামাজিক, উন্নয়নমূলক কার্যক্রম, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম	শতকরা ৪৫%	৫০০০-১০০০০ জন	২-৫ বছর
৪	প্রযুক্তী পীঠ	ক্ষুদ্রঋণ কার্যক্রম, সামাজিক, উন্নয়নমূলক কার্যক্রম, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম	শতকরা ৩২%	৫০০০ পরিবার	২-৫ বছর
৫	গ্রামীন শক্তি	ক্ষুদ্রঋণ কার্যক্রম, সৌর বিদুৎ, সামাজিক, উন্নয়নমূলক কার্যক্রম,	শতকরা ৬৫%	৫০০০-১০০০০ জন	২-৫ বছর
৬	সিসিডিপি	ক্ষুদ্রঋণ কার্যক্রম, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম	শতকরা৬২%	৫০০০ পরিবার	২-৫ বছর

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা

৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি

টেবিল ৩.৪: দুর্যোগ পূর্ব প্রস্তুতির কর্মপরিকল্পনা।

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন%	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
নদী ড্রেজিং করা	১২ কি.মি.	১০-১২ কোটি টাকা	উত্তর-পশ্চিমে কারখানা নদী আদাবারিয়া ইউনিয়নে ৫টি খাল মধ্যে- নাপ্তানি খাল, কবির খালী খাল, আতোষখালী	মাঘ-বৈশাখ মাস পর্যন্ত	১০০				কার্যক্রমগুলো এলাকার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন ও উদ্যোগী করবে। ফলে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমবে। কার্যক্রমগুলো
নদীর ধারে বাঁধ নির্মাণকরা	১২ কি.মি.	১০-১২ কোটি টাকা	তেতুলিয়া, কারখানা,নদীর নিম্নাঞ্চল ও দাসপাড়া ইউনিয়নের ১নং, ০২নং, ৪নং, ৫নং, ৭নং ও ৮নং ওয়ার্ডের	ফাল্গুন-বৈশাখ মাস পর্যন্ত	৩৫	১	২৫	২৫	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন%	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
			কারখানা নদীর ধারে।						সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান রাখবে।
গভীর নলকূপ স্থাপন ও সুষ্ঠু পর্যবেক্ষণ করা	মোট ৩০টি, গভীরতা ২২০ ফুটথেকে২৫০ফুট	৫কোটি ৬০লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	বছরের যেকোনসময়	৬০	২	১০	২৮	
কৃষি প্রশিক্ষণের ব্যবস্থা করা	ওয়ার্ড ভিত্তিক ৩০জন করে দল গঠন করে ৩ দিনের প্রশিক্ষণ	২-৩ লক্ষ টাকা	উপজেলা কৃষি অফিস	অগ্রহায়ণ-মাঘ পর্যন্ত	৪০	৫	১৫	৪০	
জাতীয় পর্যায় থেকে আবহাওয়া বার্তা সঠিকভাবে পৌঁছানোর ব্যবস্থা করা	স্থানীয় মেম্বারদের সহযোগিতায় সচেতনতা সৃষ্টি করা	৫-৬ লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	বৈশাখ-জ্যৈষ্ঠ মাস পর্যন্ত	২০	১	৬০	২০	
দুর্যোগ সময়ে বার্তার ব্যাখ্যার সাথে জনগণকে অভ্যস্থ করার ব্যবস্থা করা	ওয়ার্ড ভিত্তিক ২০ সদস্য বিশিষ্ট দল গঠন করে ৩ দিনের প্রশিক্ষণ	৩০-৩৫ লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	ভাদ্র-আশ্বিন মাস পর্যন্ত	১৫	০৫	২০	৬০	
পুকুর খননের মাধ্যমে পানি ধরে রাখার ব্যবস্থা করা (সরকারী পুকুরসহ)	গভীরতা ২০ফুট করতে হবে, আছে ১০ ফুট	৫০-৬০ লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	চৈত্র হতে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত	১৯	০১	৭০	১০	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন%	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
প্রতিবন্ধীদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা	প্রতিবন্ধীদের পরনির্ভরতা হ্রাস করা	১৫-২০ লক্ষ টাকা	বাউফল উপজেলার বিভিন্ন ইউনিয়নে	বছরের যে কোন সময়	৩৫	৫	২৫	৩৫	
সরকারী নীতিমালার মাধ্যমে জনগণকে সচেতন করা	ওয়ার্ড ভিত্তিক ৩০সদস্য বিশিষ্ট দল গঠন করে ৩দিনের প্রশিক্ষণ	২০-২৫ লক্ষ টাকা	প্রতটিইউনিয়নেরসকল ওয়ার্ডে	মাঘ-ফাল্গুন মাস পর্যন্ত	৩৫	৫	২৫	৩৫	

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

৩.৪.২ দুর্যোগ কালীন

টেবিল ৩.৫: দুর্যোগ কালীন প্রস্তুতির কর্মপরিকল্পনা।

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
জরুরী অপারেশন সেন্টার (EOC) খোলা	১ টি	বিস্তারিত পরিকল্পনা অনুযায়ী ব্যায় নির্ধারিত হবে	উপজেলা পরিষদে	জরুরী মুহূর্তে	৩৫	৫	৩০	৩০	
দুর্যোগের সতর্ক বার্তা প্রচার	নিয়মিত (প্রতিদিন/ প্রতিঘন্টায়)		ইউনিয়ন ব্যাপি	ঐ	৩৫	৫	৩০	৩০	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
উজানে নিকটস্থ নদীর পানি বিপদ সীমা অতিক্রম করার সম্ভাবনা থাকলে অথবা ঝড়ের পূর্বাভাস আসার সাথে সাথেই জরুরী সভা আয়োজন এবং বার্তা প্রচার করা।	পরিস্থিতি অনুসারে		উপজেলার সকল ইউনিয়নের ওয়ার্ডে ওয়ার্ডে	ঐ	৩৫	৫	৩০	৩০	কার্যক্রমগুলো এলাকার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন ও উদ্যোগী করবে। ফলে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমবে। কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান রাখবে।
আশ্রয়কেন্দ্র ব্যবহার উপযোগী রাখা	৮টি দল (৬ইউপি ও ২ পৌরঃ)		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
আক্রান্তদের উদ্ধার ও আশ্রয়কেন্দ্রে বা স্বাস্থ্য কেন্দ্রে নেয়া	আক্রান্ত এলাকার জনসংখ্যা অনুসারে		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
চিকিৎসা সেবা নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
প্রাথমিক ত্রান বিতরন	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
বিপদ সঙ্কেত পাওয়া মাত্র শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী ও প্রসুতি মহিলাদের নিকটবর্তী নিরাপদ স্থানে বা আশ্রয়কেন্দ্রে নিয়ে যাওয়া	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
গবাদি পশু-পাখি রাখার স্থান উঁচু, খাবার ওষুধ মজুদ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
জরুরী খাদ্য সরবরাহ নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশন নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
আলোবাতি ও জ্বালানী সরবরাহ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
কৃষি ও কর্মসংস্থান	ঐ		ঐ		৩৫	৫	৩০	৩০	
বাসস্থান মেরামত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
শিশু খাদ্য মজুদ করা, লবন, ভোজ্য তেল, দিয়াশলাই ও কেরোসিন তেল ইত্যাদি মজুদ রাখা	ঐ			ঐ	৩৫	৫	৩০	৩০	কার্যক্রমগুলো এলাকার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন ও উদ্যোগী করবে। ফলে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমবে।
আলগা চুলা ও শুকনা খড়ি মজুদ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
স্যালাইন তৈরির উপকরণ মজুদ রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
নৌকা তৈরী ও মেরামত করা, ভেলা তৈরি করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
ঘড়ের বেড়া ও খুঁটি লাগানো/ মেরামত এবং মাচা উঁচু করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
জন প্রতি ১ টি রাবার টিউব/ বয়া সংগ্রহ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান রাখবে।
টিউবওয়েলের মাথা খুলে পৃথক ভাবে সংরক্ষণ করতে হবে এবং খোলা মুখে পলিথিন দিয়ে বেঁধে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
অতি প্রয়োজনীয় দ্রব্য চাল, ডাল, ম্যাচ, পানি, ফিটকারী, চিনি, স্যালাইন ইত্যাদি পলিথিনে মুরে মাটিতে পুঁতে রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
নারিকেল গাছের ডাব ও পাকা নারিকেল থাকলে তা পেড়ে মাটিতে পুঁতে রাখা অথবা কলসীতে পানি ভরে মুখ মোটা পলিথিন দিয়ে ভালো করে বন্ধ করে মাটিতে পুঁতে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
হাঁস মুরগী মজবুত খাঁচায় ভরে উঁচু গাছের (যে গাছ ভেঙ্গে বা উপরে পড়ার সম্ভাবনা নাই) সাথে বেধে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
শক্ত গাছের সাথে কয়েক গাছা লম্বা মোটা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
শক্ত রশি বেঁধে রাখতে হবে									
মহাবিপদ সংকেত পেলে ট্রলার ও নৌকা নিকটস্থ কোন জলায় বা পুকুরে ডুবিয়ে দড়ি দিয়ে বেঁধে রাখা/ নৌকার মধ্যে মাটি ভরে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
মহাবিপদ সংকেত পেলে রেডিও/ টেলিভিশনে প্রাপ্ত নির্দেশ পালন করা এবং ১৫ মিনিট পর পর খবর শুনতে থাকা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
মাছ ধরার জাল শক্ত গাছের সাথে পেঁচিয়ে রাখা অথবা পুকুরে ডুবিয়ে বেঁধে রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
যেসকল ঘর বন্যা, কালবৈশাখী ঝড় প্রতিরোধক না, সে সকল ঘর-বাড়ি ছেড়ে যাওয়ার আগে ঘরের ছাদ ও বেড়া খুলে মাটির উপর ভারী কিছু দিয়ে চাপা দিয়া রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
দলিল পত্র ও টাকা পয়সা পলিথিনে মুরে শরীরের সঙ্গে বেঁধে রাখা অথবা পরিবারের	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
সদস্যদের জানিয়ে মাটিতে পুঁতে রাখা									

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

৩.৪.৩ দুর্যোগ পরবর্তী

টেবিল ৩.৬: দুর্যোগ পরবর্তী প্রস্তুতির কর্মপরিকল্পনা।

কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
					উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজিও	
দ্রুত উদ্ধার কার্যক্রম শুরু করা	আক্রান্ত এলাকার জনসংখ্যা ও ক্ষতির পরিমান অনুসারে	ক্ষয়ক্ষতির পরিমান ও বিস্তারিত পরিকল্পনা অনুযায়ী ব্যায় নির্ধারিত হবে	ইউপি, পৌরসভা	দূর্যোগ পরবর্তী তাৎক্ষণিক সময়ে	৪০	০	৩০	৩০	দুর্যোগ পরবর্তী সময়ে কার্যক্রমগুলো বাস্তবায়ন হলে মানুষের জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি কমাতে সহায়তা করবে। দ্রুত পুণর্বাসন ও জীবিকা সহায়তা
আহত মানুষ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা এবং প্রয়োজন হলো ভালো চিকিৎসার ব্যবস্থা করা ।	ঐ		ইউপি, পৌরসভা	ঐ	৪০	০	৩০	৩০	
